



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা



[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.১১.০০৫.১৭/

তারিখ: ১৫/১০/২০২৬ খ্রি।

বিষয়: আমদানিতব্য **Multiple-Walled Insulated Glass with Frame** নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্র: Nirman Builders and Developers Ltd. এর ০৪/০৬/২০২৬ খ্রি.তারিখের আবেদন।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ০১/২০২৬

Nirman Builders and Developers Ltd. নামক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিতব্য Multiple-Walled Insulated Glass with Frame নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরমে আবেদন করা হয়েছে।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম ও BIN	Nirman Builders and Developers Ltd. (001351834-0108)
আবেদনকারীর ঠিকানা	199/B, Tejgaon 1/A, Dhaka-1208

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Multiple-Walled Insulated Glass with Frame
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Not Mentioned
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	7007.29.00

০২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:

Multiple-Walled Insulated Glass with Frame নামীয় পণ্যটি Exterior glass walls of high-rise structures and modern office buildings হিসাবে ব্যবহার করা হবে মর্মে আমদানিকারক ঘোষণা করেছেন।

০৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তি:

আমদানিকৃত পণ্যের ক্যাটাগরি ও ছবি পর্যালোচনা করে দেখা যায় যে, বিবেচ্য পণ্যটি বিল্ডিং এর Exterior wall বা Curtain wall হিসেবে ব্যবহারের জন্য প্রস্তুতকৃত Multiple laminated safety glass panel বা Aluminium frame এর সঙ্গে সংযুক্ত থাকে এবং বিল্ডিং এ সরাসরি স্থাপন করা হয়।

পণ্যটি যেহেতু Laminated glass এবং Aluminium frame দিয়ে তৈরি সেহেতু পণ্যটি Heading 70.07 এর Safety glass, consisting of toughened (tempered) or Laminated glass অথবা Heading 76.10 এর Aluminium structure হিসেবে শ্রেণীবিন্যাস হতে পারে। অর্থাৎ এক্ষেত্রে কোন অংশটি পণ্যের Essential Character তা শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ।

পণ্যটিতে Glass component বাইরে দেখার সুবিধা, Insulation এবং আবহাওয়ার প্রভাব থেকে সুরক্ষার মতো কার্যাবলী সম্পাদন করে। অপরদিকে Aluminium frame একইসাথে Glass panel কে ধরে রাখার পাশাপাশি Panel গুলোকে একত্রে সংযুক্ত করে একটি Structured unit তৈরি করে এবং লিফ্টিং এর Curtain wall হিসেবে সরাসরি স্থাপনে সহায়তা করে।

পণ্যটির সামগ্রিক গঠন, ব্যবহার ও কার্যকারিতা বিবেচনায় Glass panel বিল্ডিং এর দেয়ালের প্রধান আবরণ হিসেবে কাজ করে এবং আলো প্রবেশ, দেখার সুবিধা ও আবহাওয়ার প্রভাব থেকে সুরক্ষা প্রদান করে বিধায় এক্ষেত্রে Glass panel পণ্যটি Essential Character হিসেবে বিবেচিত হতে পারে। এছাড়া WCO Harmonized System Committee এর 78th Session এ glass panel কে essential Character বিবেচনায় Heading 70.07 এর Subheading 7007.29 এ শ্রেণীবিন্যাসের বিষয়ে রুলিং প্রদান করেছে।

বর্ণিত প্রেক্ষাপটে, Explanatory Notes এর ব্যাখ্যা এবং World Customs Organization (WCO) এর Harmonized System Committee এর 78th তম Session এর সিদ্ধান্ত বিবেচনায় নিয়ে GRI এর Rule 1, 3(b) এবং 6 অনুযায়ী আমদানিতব্য Multiple-Walled Insulated Glass with Frame নামীয় পণ্যটি H.S. Code 7007.29.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০২৫ এর বিধি-৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

০৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা: এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ৩৬ (ছত্রিশ) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশন ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ কেউ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবেন। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সনাক্ত করে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-

রেজাউল করিম

দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

কমিশনার অব কাস্টমস


কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও/ ভোমরা/ আইসিডি (চট্টগ্রাম)।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.১১.০০৫.১৭/১৬

তারিখ: ১৫/১০/২০২৬ খ্রি।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/(দক্ষিণ)/(পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যার্ণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৫। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। প্রথম সচিব (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। AGM-SCM, Nirman Builders and Developers Ltd., 199/B, Tejgaon 1/A, Dhaka-1208.
- ৯। অফিস কপি/ গার্ড ফাইল।



রেজাউল করিম

দ্বিতীয় সচিব (অতিরিক্ত দায়িত্ব)

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং